গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর-৩৮.০১.০০০০.১০৭.৩৫.০০২.২১-১২৭০

তারিখঃ ১৮আশ্বিন ১৪২৮ / ০৩ অক্টোবর ২০২১

বিষয় ঃ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসংগে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখের ৩৮.০০২.০১২.০০.০০.০০১.২০১৪(অংশ)/১১২২ নং স্মারকে জারীকৃত মূল পত্রটি অনুসরণ পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অত্রদপ্তরকে অবহিত করার জন্য সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

**বিতরণ:**

১। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল) বিভাগ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)................................ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)....................................(অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল).............................. (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৬। ইউআরসি ইন্সট্রাক্টর (সকল) ....................................... (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।

৪/১০/২১
মোহাম্মদ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (সা. প্র.)
ফোনঃ ৫৫০৭৪৯১৭
ই-মেইল: adgeneraldpe@gmail.com.

অনুলিপি:

১। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

নম্বরঃ ৩৮.০০২.০১২.০০.০০.০০১.২০১৪ (অংশ)-১১২২

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৮
২১ সেপ্টেম্বর ২০২১

**বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসংগে।**

সূত্র : মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের আধাসরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০০৮.২১-১৪০, তারিখঃ ০৮ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ডি'ও পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৮ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত সচিব সভায় মাননীয় প্রধানমন্ত্রী বেশ কিছু গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা ও সিদ্ধান্ত প্রদান করেছেন। এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর দিক-নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

১। দক্ষ ও জবাবদিহিমূলক প্রশাসন গড়ে তোলার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে। ভালো কাজ করলে পুরস্কার প্রদান ও অন্যায় করলে শাস্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

২। স্ব-স্ব মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন দ্রুত ও কার্যকর করার জন্য সচিবগণকে অধিকতর সজাগ ও সম্পৃক্ত হতে হবে;

৩। সরকারের সঙ্গে সম্পাদিত চুক্তির অপব্যবহার যাতে কেউ করতে না পারে সেজন্য চুক্তির শর্তাবলীর বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে এবং চুক্তিতে অস্পষ্টতা পরিহারসহ নির্দিষ্ট সময় পর পর শর্তসমূহ যাচাই-বাছাইয়ের মাধ্যমে সময়োপযোগী করতে হবে;

৪। কোভিড-১৯ পরিস্থিতি সন্তোষজনক অবস্থায় উপনীত হলে স্কুল, কলেজ ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান খোলার উদ্যোগ গ্রহণ করতে হবে;

৫। করোনা মোকাবেলায় সকলকে একযোগে আন্তরিকতার সাথে কাজ করতে হবে;

৬। দুর্নীতি বন্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৭। শুধু সরকারি কর্মচারী হিসেবে নয়, দেশপ্রেমিক নাগরিক ও জনগণের সেবক হিসাবে জনকল্যাণে আত্মনিয়োগে সহকর্মীদের উদ্বুদ্ধ করতে হবে; এবং

৮। সামরিক শাসনামলে জারিকৃত ৫১টি অধ্যাদেশ ২২টি মন্ত্রণালয়/বিভাগে অদ্যাবধি অনিস্পন্ন রয়েছে যা আগামী ডিসেম্বর/২০২১ মাসের মধ্যে জরুরি ভিত্তিতে কার্যকর উদ্যোগ গ্রহণপূর্বক নিস্পত্তি করতে হবে।

০২। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জরুরি

(মোঃ আসাদুজ্জামান)
উপসচিব
ফোন: ৯৫১৪০৯১
ই-মেইলঃ dsad2@mopme.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর ,ঢাকা-১২১৬।
২. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৩. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৫. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সংরক্ষণ নথি।